



পানিতে তলিয়ে যাওয়া ধান কাটতে মাঠে ছাত্রলীগ, ভিডিও ভাইরাল



ধান কাটছেন ছাত্রলীগের নেতাকর্মীরা। ছবি: সংগৃহীত

নেত্রকোনার খালিয়াজুরীর হাওরাঞ্চলে পানিতে ডুবে যাওয়া ধান কেটে কৃষকের পাশে দাঁড়ানোর দাবি করেছেন নিষিদ্ধ ঘোষিত বাংলাদেশ ছাত্রলীগের কিছু নেতাকর্মী। এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক আলোচনা তৈরি হয়েছে।

শনিবার দুপুরের দিকে একটি ভিডিও ছড়িয়ে পড়ে, যেখানে দেখা যায় পানিতে আংশিক ডুবে থাকা ধানক্ষেতে একদল যুবক একসঙ্গে ধান কাটছেন। ভিডিওটি দ্রুতই ভাইরাল হয়ে যায় এবং স্থানীয়ভাবে বিষয়টি নিয়ে নানা আলোচনা শুরু হয়।

ভিডিওতে প্রায় ১৫-২০ জন তরুণকে ধান কাটতে দেখা যায়। তাদের নেতৃত্বে ছিলেন জেলা ছাত্রলীগের সাবেক উপদপ্তর সম্পাদক শেখ সাহান বাবু। তারা কৃষকের দুঃসময়ে পাশে থাকার বার্তা দেন এবং মাঠেই কাজ চালিয়ে যান।

এ সময় ভিডিওতে কয়েকজনকে রাজনৈতিক স্লোগান দিতে শোনা যায়। পাশাপাশি কিছু বক্তব্যও উঠে আসে, যেখানে নিষেধাজ্ঞা না মানার কথা বলা হয় এবং স্থানীয় রাজনৈতিক নেতাদের নির্দেশনায় মাঠে নামার বিষয়টি উল্লেখ করা হয়।

স্থানীয়দের ভাষ্য অনুযায়ী, টানা বৃষ্টি ও উজানের চলে হাওরের পানি বেড়ে গেছে। এতে অনেক জমির ধান ডুবে গেছে এবং শ্রমিক সংকটে কৃষকেরা ফসল তুলতে হিমশিম খাচ্ছেন। এমন পরিস্থিতিতে বিভিন্ন সংগঠন কৃষকদের সহায়তায় এগিয়ে আসছে।

ভিডিওটি প্রকাশের পর অনলাইনে মিশ্র প্রতিক্রিয়া দেখা গেছে। কেউ এটিকে মানবিক উদ্যোগ হিসেবে দেখছেন, আবার কেউ রাজনৈতিক বার্তা ও স্লোগান নিয়ে প্রশ্ন তুলছেন। এ বিষয়ে খালিয়াজুরী থানার ওসির সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তার কোনো মন্তব্য পাওয়া যায়নি।